প্রথম আলো

তারিখ ... 19 AUG 2008
পৃষ্ঠা ৫ কলাম ৫

এসএসসিতে ফল বিপর্যয়

# মতলব দক্ষিণের সাতটি বিদ্যালয়কে শিক্ষা বোর্ডের শোকজ

**মতলব দক্ষিণ (চাঁদপুর) প্রতিনিধি**

এবারের এসএসসি পরীক্ষায় শিক্ষার্থীদের ফল বিপর্যয়ের জন্য চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলার সাতটি উচ্চবিদ্যালয়কে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দিয়েছে কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ।

গত ২৯ জুলাই বোর্ডের স্কুল পরিদর্শক স্বাক্ষরিত ওই নোটিশে সংশ্লিষ্ট স্কুলগুলোর প্রধান শিক্ষককে নোটিশ পাওয়ার ১৫ দিনের মধ্যে কারণ দর্শাতে বলা হয়েছে। ৯ আগস্ট নোটিশগুলো উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয় এবং স্কুলগুলোয় পৌঁছায়।

জানা গেছে, কালিকাপুর উচ্চবিদ্যালয় (পাসের হার ৪৪.৪৪ শতাংশ), নওগাঁও উচ্চবিদ্যালয় (৪৭.৭৩ শতাংশ), বহরী উচ্চবিদ্যালয় (৪৪.১২ শতাংশ), আদর্শ স্কুল (৪৪.৪৪ শতাংশ), লামচরি উচ্চবিদ্যালয় (৪০.৭৪ শতাংশ), ধলাইতলী উচ্চবিদ্যালয় (৪১.৩৮ শতাংশ) এবং বোয়ালিয়া উচ্চবিদ্যালয়ের (পাসের হার-৪৫.২৪ শতাংশ) প্রধান শিক্ষকের কাছে ফল বিপর্যয়ের ব্যাখ্যা চেয়ে নোটিশ পাঠানো হয়।

কুমিল্লা শিক্ষা বোর্ড সূত্রে জানা যায়, এবার বোর্ডের পাসের হার ছিল ৭২ শতাংশেরও বেশি। যেসব স্কুলে পাসের হার ৫০ শতাংশেরও কম, সেসব স্কুলকেই কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক কারণ দর্শানোর নোটিশ পাওয়ার কথা স্বীকার করেছেন।

ইউএনও বেনজামিন রিয়াজী জানান, নোটিশের কপি তাঁর কাছেও এসেছে। তিনি প্রধান শিক্ষকদের নিয়ে বৈঠকে বসবেন।